

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
জাহাজ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

বিষয়: “AIS 2.0 - The new digital communication between maritime administration and ship bridge” শীর্ষক উপস্থাপনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: মোস্তফা কামাল  
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়  
সভার তারিখ : ০৩-১১-২০২২ খ্রি.  
সময় : সকাল ১১:৩০ মি.  
সভার স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ

সভাকক্ষে উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি কর্তৃক সভাকক্ষে উপস্থিত এবং জুম অ্যাপসের মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে ডেনমার্কের Sternula প্রতিষ্ঠানের সিনিয়র সেলস ম্যানেজার Mr. Jakob Weibrecht “AIS 2.0 - The new digital communication between maritime administration and ship bridge” বিষয়ে একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা প্রদান করেন।

০২. উপস্থাপনার শুরুতে Mr. Jakob Weibrecht AIS 2.0 এবং Sternula সম্পর্কে সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, Automatic Identification System (AIS) 2.0 একটি Satellite based ডিজিটাল কমিউনিকেশন ব্যবস্থা যা বর্তমান AIS এর আধুনিকতম সংস্করণ। তিনি আরো উল্লেখ করেন, ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশন (IMO) ইলেক্ট্রনিক ন্যাভিগেশন স্ট্রাটেজি ইম্পিমেটেশন প্ল্যান অনুযায়ী ২০২৩ সালে AIS 2.0 Solas Chapter IV & V এ অন্তর্ভুক্ত হবে এবং ব্যবহার বাধ্যতামূলক হবে। এছাড়াও, স্যাটেলাইট কর্তৃক নিয়ন্ত্রিত হওয়ার কারণে AIS 2.0 এর ব্যবহারকারীরা বাংলাদেশের সম্পূর্ণ স্থলসীমায় এর সুফল পাবে যা বর্তমানে ব্যবহৃত AIS এর মাধ্যমে মাত্র ৩০-৪০ কিলোমিটার সীমাবদ্ধ থাকে। সর্বাধুনিক এ ডিজিটাল কমিউনিকেশন ব্যবস্থার মাধ্যমে সমুদ্রে/নদী পথে জাহাজ হতে মনিটরিং মেরিটাইম অর্গানাইজেশনে দ্রুততম সময়ে Two-way ডাটা স্থানান্তর করা ও Meteorology সম্পর্কিত যে কোন বুলেটিন পাঠানো সম্ভব হবে যা বর্তমান AIS এর মাধ্যমে সম্ভব হয় না। তিনি আরো উল্লেখ করেন যে, AIS 2.0 (VDES) কোনো ইন্টারনেট প্রটোকল (IP) কানেকশন ব্যবহার না করার কারণে এর নিরাপত্তা ব্যবস্থা বেশী সুরক্ষিত থাকবে।

০৩. Mr. Jakob Weibrecht তার উপস্থাপনার শেষ পর্যায়ে উল্লেখ করেন যে, Sternula হলো বর্তমানে পৃথিবীর একমাত্র AIS 2.0 (VDES) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এবং পৃথিবীর যেসব দেশের মেরিটাইম অর্গানাইজেশন AIS 2.0 এর প্রতি আগ্রহ প্রকাশ করেছে তাদের জন্য Sternula একটি “Worldwide AIS 2.0 Demo Project 2023” শুরু করেছে। এই “Worldwide AIS 2.0 Demo Project 2023” এ যদি বাংলাদেশের মেরিটাইম অর্গানাইজেশনসমূহ অন্তর্ভুক্ত হয় তাহলে এর বিভিন্ন সুবিধাসমূহ বাংলাদেশ ভবিষ্যতে পাবে বলে অভিমত প্রকাশ করেন।

০৪. সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

CEO, Celestial Tech Limited, Baridhara, Dhaka-1212 এর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে Mr. Jakob Weibrecht, Senior Sales Manager, Sternula উপস্থাপিত Automatic Identification System, e-Navigation Strategy Implementation Plan-এর ব্যবহার উপযোগিতা, ব্যয় ও সুবিধা-অসুবিধা ইত্যাদি বিষয়ে বন্দর কর্তৃপক্ষসমূহ ও সংশ্লিষ্ট দপ্তরসমূহ মতামত প্রদান করবে।

০৫. আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

তারিখ:- ১৩-১২-২০২২।

(মোঃ মোস্তফা কামাল )

সচিব

নৌপরিবহন মন্ত্রণালয়।

তারিখ:- ১৮-১২-২০২২।

নং-১৮.০০.০০০০.০২৪.৯৯.০০১.১৯- ২৭৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। চেয়ারম্যান, চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।
- ৩। জনাব শাহীন কবির, সিইও, Celestial Tech Limited, Plot 95 (4th floor), suhrawardy avenue, Baridhara, Dhaka-1212, Mob. no. 01713-061201.
- ৪। Mr. Jakob Weibrecht, Senior Sales Manager, Sternula, Celestial Tech Limited, Plot 95 (4th floor), suhrawardy avenue, Baridhara, Dhaka-1212
- ৫। Mr. Md. Iftexhar Jahan Mehedi, General Manager, Celestia Tech Limited, Celestial Tech Limited, Plot 95 (4th floor), suhrawardy avenue, Baridhara, Dhaka-1212.

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (জাহাজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ আলমগীর কবির)

উপসচিব (জাহাজ)

ফোন : ২২৩৩৮০৭৮৬